# নিউ ইয়র্ক শহরের

## HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনা

ড্রাফট


যোগাযোগ:

ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট
(Department of Housing Preservation and Development)
homearp@hpd.nyc.gov


ড্রাফট

**HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনা টেম্পলেট**

## নির্দেশনা

- HOME-ARP বরাদ্দ পাওয়ার জন্য একজন PJ কে অবশ্যই যা যা করতে হবে:
  - অন্তত প্রয়োজনীয় সংস্থার সাথে আলোচনায়ে অংশগ্রহণ করা;
  - অন্তত 15 দিনের জনসাধারণের মন্তব্য প্রদানের সময়কাল এবং একটি গনশুনানি সহ জনসাধারণের অংশগ্রহণের সুযোগ প্রদান; এবং
  - HOME-ARP নোটিশে উল্লেখিত প্রয়োজনীয়তা পূরণ করে এমন একটি পরিকল্পনা প্রস্তুত করা।

- জমা দিতে: একজন PJ কে অবশ্যই পরিকল্পনার একটি মাইক্রোসফট ওয়ার্ড অথবা পিডিএফ ভার্সন ইন্টিগ্রেটেড ডিসবার্সমেন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেমসে (Integrated Disbursement and Information System, IDIS) একটি সংযুক্তি হিসেবে "HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনার" অপশনের পাশে হয় AD-26 স্ক্রিনে (যেসকল PJ দের 2021 অর্থ বছরে (Fiscal Year, FY) বাৎসরিক কর্ম পরিকল্পনা একটি 2-5 বাৎসরিক কর্ম পরিকল্পনা) অথবা AD-25 স্ক্রিনে (যেসকল PJ দের FY 2021 এ বাৎসরিক কর্ম পরিকল্পনা একটি এক বছর 1 এরের বাৎসরিক কর্ম পরিকল্পনা যা 2021 সালের একত্রিত পরিকল্পনার অংশ) জমা দিতে হবে।
- PJ কে অবশ্যই একটি SF-424, SF-424B এবং SF-424D এবং নিম্নের সার্টিফিকেশনসমূহ AD-26 স্ক্রিনে বা AD-25 স্ক্রিনে সংযুক্তি হিসেবে জমা দিতে হবে, প্রযোজ্য হলে:
  - ইতিবাচকভাবে অধিকতর সুষ্ঠ আবাসন
  - ইউনিফর্ম রিলোকেশন অ্যাসিস্ট্যান্স অ্যান্ড রিয়াল প্রোপার্টি একুইজিশন পলিসিস অ্যাক্ট (Uniform Relocation Assistance and Real Property Acquisition Policies Act) এবং এন্টি-ডিসপ্লেসমেন্ট অ্যান্ড রিলোকেশন অ্যাসিস্ট্যান্স প্ল্যান;
  - অ্যান্টি-লবিং
  - এলাকার কর্তৃত্ব
  - সেকশন 3; এবং,
  - HOME-ARP এর নির্দিষ্ট সার্টিফিকেশন

**যে সব শহর অংশ নিতে পারবে:** নিউ ইয়র্ক সিটি **তারিখ**: **03/31/2023**

# ভূমিকা

11 মার্চ, 2021-এ, রাষ্ট্রপতি বাইডেন গৃহহীনদের সহায়তা এবং সহায়ক পরিষেবা প্রদানের জন্য হোম ইনভেস্টমেন্ট পার্টনারশিপ প্রোগ্রামের (HOME Investment Partnerships Program, HOME) জন্য 3205 ধারার অধীনে বরাদ্দকৃত তহবিলের জন্য 2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act of 2021) (P.L. 117-2) ("ARP") আইনে স্বাক্ষর করেন, যা অর্থনীতি, জনস্বাস্থ্য, রাজ্য এবং স্থানীয় সরকার, ব্যক্তি এবং ব্যবসার উপর COVID-19 মহামারীর অব্যাহত প্রভাব মোকাবেলায় ত্রাণ প্রদান করে।

পাঁচটি কর্মকাণ্ডের মাধ্যমে নির্দিষ্ট জনগোষ্ঠীকে (প্রাথমিকভাবে গৃহহীন পরিবারগুলো এবং যারা গৃহহীন হওয়ার ঝুঁকিতে তাদের জন্য) সহায়তার জন্য HOME–ARP প্রতিষ্ঠা করা হয়েছিল:

1. সাশ্রয়ী বাসস্থানের উন্নত এবং সহায়তা
2. টেন্যান্ট-বেজড রেন্টাল অ্যাসিস্ট্যান্স (Tenant-based rental assistance, TBRA)
3. সহায়তামূলক পরিসেবাসমূহ
4. একুইজিশন অ্যান্ড ডেভেলপমেন্ট অব নন-কংগ্রেগেট শেল্টার (Acquisition and development of non-congregate shelter, NCS)
5. অলাভজনক পরিচালনা এবং ধারণক্ষমতা নির্মাণ

কংগ্রেস $5 বিলিয়ন প্রদান করেছে, যা অংশগ্রহণকারী এলাকায় (Participating Jurisdictions, PJs)  হোম ইনভেস্টমেন্ট পার্টনারশিপ প্রোগ্রামের (HOME Investment Partnerships Program, HOME) বরাদ্দ ফর্মুলা ব্যবহার করে বরাদ্দ করা হয়েছিল। 2021 ফেডারেল অর্থ বছরে (Federal Fiscal Year, FFY) ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development, HUD) নিউ ইয়র্ক শহরকে সেপ্টেম্বর 30, 2030 তারিখ পর্যন্ত প্রস্তাবিত কার্যক্রমের জন্য HOME-ARP ফান্ডে মোট $269,831,517 প্রদান করে।

ফান্ড গ্রহণ করার জন্য, শহরকে একটি HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনা তৈরি করে HUD কে সাবমিট করতে হয়, যা বর্ণনা করে কিভাবে HOME-ARP ফান্ড উপযুক্ত কার্যক্রমের জন বরাদ্দ করা হবে।শহরের HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনা নিম্নে দেওয়া হলো।

# পরামর্শ

*এই পরিকল্পনা তৈরি করার পূর্বে, একজন PJ কে অবশ্যই ভৌগলিক এলাকায় বিচারব্যবস্থা প্রদানকারী কন্টিনিউম অফ কেয়ারের (Continuum of Care, CoC) এর সাথে পরামর্শ করতে হবে, যারা যোগ্য জনসংখ্যার চাহিদা পূরণ করে যেমন গৃহহীন ও পারিবারিক সহিংসতার পরিষেবা প্রদানকারী, অবসরপ্রাপ্ত সেনাদের গ্রুপ, পাবলিক আবাসন এজেন্সি (Public Housing Agencies, PHAs), পাবলিক এজেন্সি এবং সরকারী বা বেসরকারি সংস্থাসমূহ যারা ন্যায্য আবাসন, নাগরিক অধিকার এবং প্রতিবন্ধী ব্যক্তিদের প্রয়োজনগুলিকে ন্যূনতমভাবে সমাধান করে তাদের সাথে পরামর্শ করতে হবে। বিভাগীয় PJ দের বিভাগের সীমানার মধ্যে সকল PHA অথবা CoC এর সাথে পরামর্শ করার প্রয়োজন নেই; যদিওবা, স্থানীয় PJ দের অবশ্যই সকল PHA এবং CoC যারা বিচারব্যবস্থায় নিয়োজিতদের তাদের সাথে পরামর্শ করতে হবে।*

**<u>পরামর্শ প্রক্রিয়ার সারাংশ:</u>**

HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনার অগ্রগতি সম্পর্কে অবহিত করতে, নিউ ইয়র্ক শহরের ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (New York City Department of Housing Preservation

and Development, HPD) কয়েকজন অংশীদার এবং স্টেকহোল্ডার যারা যোগ্য জনগোষ্ঠীর প্রয়োজন পূরণ করছেন তাদের সাথে একটি পরামর্শ সভার আয়োজন করে। তারা NYC CoC, অন্যান্য শহরের এজেন্সিসমূহ এবং প্রাইভেট অর্গানাইজেশন যারা গৃহহীন, পারিবারিক বা লিঙ্গ ভিত্তিক সহিংসতার শিকার, অসামর্থ্য থাকা মানুষজন, অবসরপ্রাপ্ত সেনা এবং অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সেবা প্রদান করে থাকে তাদের সাথে পরামর্শ করেন। এই আলোচনা ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্টকে (Department of Housing Preservation and Development, HPD) সরাসরি সেবা প্রদানকারীদের থেকে শোনার সুযোগ করে দেয় যাদের প্রয়োজনসমূহের, সেবার ঘাটতির এবং সম্ভাব্য উদ্যোগ যা যোগ্য জনগোষ্ঠীর জন্য লাভজনক হতে পারে সেসবের মৌলিক জ্ঞান রয়েছে।

HPD প্রাথমিকভাবে মাইক্রোসফট টিমের মাধ্যমে 2023 সালের জানুয়ারি থেকে ফেব্রুয়ারির মধ্যে ভার্চুয়াল আলোচনা শুরু করে প্রাথমিক আলোচনা NYC CoC এর সাথে তাদের ভার্চুয়াল স্টিয়ারিং কমিটির অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছিল। HPD তখন সকল অন্যান্য স্টেকহোল্ডারের সাথে কয়েকটি ভার্চুয়াল তথ্য সেশনের অনুষ্ঠিত করেছিল তাদের ইনপুটের অনুরোধ করা জন্য।

নিচের টেবিলে যে মতামত গুলো গ্রহণ করা হয়েছিল তার সারাংশ দেওয়া হলো। HPD স্টাফ যোগ্য জনগোষ্ঠীর প্রয়োজনীয় চাহিদা পূরণ হচ্ছে তা নিশ্চিত করতে প্রস্তাবিত HOME-ARP কার্যক্রমের পুরো বাস্তবায়ন জুড়ে স্টেকহোল্ডারদের সাথে জড়িত থাকবেন।

***টেবিল 1. পরামর্শ করা সংগঠন এবং তাদের থেকে পাওয়া মতামতের সারাংশ এর লিস্ট***

| পরামর্শকৃত এজেন্সি/সংগঠন | এজেন্সি/সংগঠন এর ধরণ | পরামর্শের পদ্ধতি | মতামত |
|---|---|---|---|
| NYC কন্টিনিউম অফ কেয়ার (CoC) | পাবলিক/প্রাইভেট সংগঠন যারা ন্যায্য আবাসন, নাগরিক অধিকার এবং প্রতিবন্ধীদের চাহিদাগুলো নিয়ে কাজ করে | Zoom এবং ইমেইল ফলো-আপ এর মাধ্যমে CoC স্টিয়ারিং কমিটি মিটিং | • হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশনের (Human Resources Administration, HRA) উচ্ছেদ প্রতিরোধ প্রোগ্রাম এর সম্প্রসারণ করতে আরো ফান্ডিং এর প্রয়োজন, যা নিউ ইয়র্ক শহরে গৃহহীন হওয়ার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের অথবা আবাসন স্থিতিশীলতা পরিষেবা এর প্রয়োজনে সেবা দিয়ে থাকে।<br>• ডেডিকেটেড প্রোগ্রামের জন্য এবং সম্প্রদায়-ভিত্তিক ভাউচারের অ্যাক্সেস এবং সুবিধা পরিচালনার জন্য ফান্ডিং প্রয়োজন |

| *পরামর্শকৃত* **এজেন্সি/সংগঠন** | **এজেন্সি/সংগঠন এর ধরণ** | **পরামর্শের পদ্ধতি** | **মতামত** |
|---|---|---|---|
| মেয়রস অফিস টু এন্ড ডোমেস্টিক অ্যান্ড জেন্ডার-বেজড ভায়োলেন্স (Mayor's Office to End Domestic and Gender-Based Violence, ENDGBV) | পাবলিক এজেন্সি যারা QP-দের চাহিদা নিয়ে কাজ করে | মাইক্রোসফট টিম মিটিংসমূহ এবং ইমেইল ফলো-আপ | • নিরাপদ ও সাশ্রয়ী আবাসন এর প্রয়োজন পারিবারিক এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিদের একটি প্রাথমিক উদ্বেগ<br>• চলমান স্থায়ী আবাসিক অপশনসমূহ, সাহায্যের চাহিদা পূরণ করার জন্য যথেষ্ট নয়<br>• বর্তমানে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিকে পাবলিক আবাসনে নিতে প্রায় 3 বছর বা তার বেশি সময় লাগে<br>• একক পারিবারিক/ লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য অল্প পরিমাণের আবাসনের অপশন রয়েছে |
| ডিপার্টমেন্ট অব ভেটেরানস সার্ভিসেস (Department of Veterans Services) | পাবলিক এজেন্সি যারা QP-দের চাহিদা নিয়ে কাজ করে | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • শহরের এজেন্সি সমূহের HUD-অনুমোদিত কাউন্সেলিং এজেন্সি হতে গৃহহীন প্রতিরোধ সেবা ও অবসরপ্রাপ্ত সেনাদের আবাসন কাউন্সেলিং সেবা প্রদান করা প্রয়োজন<br>• নতুন আবাসন ও ভালো আবাসিক অবস্থার অ্যাক্সেস NYC শহরের অবসরপ্রাপ্ত সেনাদের শীর্ষ 3টি চাহিদার মধ্যে 2 টি |
| সার্ভিসেস ফর দা আন্ডারসার্ভড, Inc (Services for the Underserved, Inc., SUS) | DV সহায়তা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • পরিষেবা প্রদানের দেরি হওয়া কমানোর জন্য অতিরিক্ত কর্মীর জন্য পরিষেবা প্রদানকারীদের ফান্ডের প্রয়োজন<br>• চলমান প্রোগ্রামসমূহ যেমন HRA Homebase |

খসড়া

| *পরামর্শকৃত এজেন্সি/সংগঠন* | **এজেন্সি/সংগঠন এর ধরণ** | **পরামর্শের পদ্ধতি** | **মতামত** |
|---|---|---|---|
| | | | প্রোগ্রাম ইত্যাদিকে সাহায্য করতে আরো ফান্ডের প্রয়োজন<br>• আফটার কেয়ার, ভর্তুকির পুনরায় সার্টিফিকেশন, বকেয়ার সাহায্য প্রয়োজন |
| ADAPT কমিউনিটি নেটওয়ার্ক (ADAPT Community Network) | পাবলিক/প্রাইভেট সংগঠন যারা ন্যায্য আবাসন, নাগরিক অধিকার এবং প্রতিবন্ধীদের চাহিদাগুলো নিয়ে কাজ করে | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • প্রতিবন্ধীদের নিরাপদ ও স্থিতিশীল আবাসন পরিবেশ দিয়ে সাহায্য করতে আরো ফান্ডিং এর প্রয়োজন |
| সাপোর্টিং হাউজিং নেটওয়ার্ক অব নিউ ইয়র্ক (Supportive Housing Network of New York, SHNNY) | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • কোন নির্দিষ্ট মতামত দেওয়া হয়নি |
| ভলিন্টিয়ারস অব অ্যামেরিকা (Volunteers of America, VOA) | অবসরপ্রাপ্ত সেনা গ্রুপ | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • কোন নির্দিষ্ট মতামত দেওয়া হয়নি |
| Doe ফান্ড (Doe Fund) | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা ও ইমেইল ফলো-আপ | • বর্তমান আবাসনের জন্য ভাড়া সহায়তা প্রয়োজন |
| Riseboro | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • কোন নির্দিষ্ট মতামত দেওয়া হয়নি |
| কনস্ট্রাকটিভ পার্টনারশিপ আনলিমিটেড (Constructive Partnerships Unlimited) | পাবলিক/প্রাইভেট সংগঠন যারা ন্যায্য আবাসন, নাগরিক অধিকার এবং প্রতিবন্ধীদের | 1:1 মিটিং/কথোপকথন | • কোন নির্দিষ্ট মতামত দেওয়া হয়নি |

খসড়া

| *পরামর্শকৃত এজেন্সি/সংগঠন* | **এজেন্সি/সংগঠন এর ধরণ** | **পরামর্শের পদ্ধতি** | **মতামত** |
|---|---|---|---|
| | চাহিদাগুলো নিয়ে কাজ করে | | |
| ওয়ার্ল্ডওয়াইড ভেটেরানস অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Worldwide Veterans and Family Services) | অবসরপ্রাপ্ত সেনা গ্রুপ | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • যে সকল ব্যক্তি স্বাধীনভাবে প্রথম বারের মতো বসবাস করছেন, বিশেষ করে কারাবাসের পর তাদের সাহায্যের সমন্বয় নিরাপদ ও পরিচ্ছন্ন জীবনযাপনের জ্ঞান ও মানসিক স্বাস্থ্যের ফলো-আপ এর প্রয়োজন<br>• Need housing for অবসরপ্রাপ্ত সেনা |
| New Destiny Housing | DV সহায়তা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • আবাসন দিকনির্দেশনা এবং ধারণক্ষমতা পরিষেবা পূর্বে গৃহহীনদের জন্য প্রয়োজনীয়/কার্যকরী<br>• **DV** এর শিকার ব্যক্তিদের সহায়তাপূর্ণ আবাসনের ভালো অ্যাক্সেস এর প্রয়োজন; **যা দীর্ঘস্থায়ী/গৃহহীনতার সংজ্ঞা এর বাধা হয়ে দাঁড়িয়েছে**<br>• ক্ষতি হ্রাস জন্য দক্ষ কর্মীর প্রয়োজন |
| Breaking Ground | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • w/ERAP দিয়ে অপূরণীয় এমন গ্যাপের জন্য বকেয়াসহ আর্থিক সাহায্যের প্রয়োজন<br>• আসার পর, পূর্বে গৃহহীন পৃথক হয়ে যেতে পারেন, যা ভাড়া প্রদানে প্রভাবিত করে, যদি না হয়ে থাকেন তাহলে ধারণ/স্থিতিশীলতা পরিষেবা |
| সেন্টার ফর আরবান কমিউনিটি সার্ভিসেস | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • কোন নির্দিষ্ট মতামত দেওয়া হয়নি |

| *পরামর্শকৃত এজেন্সি/সংগঠন* | এজেন্সি/সংগঠন এর ধরণ | পরামর্শের পদ্ধতি | মতামত |
|---|---|---|---|
| (Center for Urban Community Services, CUCS) | | | |
| Project Renewal | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • কোন নির্দিষ্ট মতামত দেওয়া হয়নি |
| NYS ডিভিশন অব হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (NYS Division of Homes and Community Renewal, HCR) | PHA | 1:1 মিটিং/কথোপকথন | • <50% AMI মানুষের জন্য পরিষেবা সহ অথবা পরিষেবা ছাড়াই আবাসন নির্মাণ ও পরিবর্তনের উপর লক্ষ্য করে পরিকল্পনাসমূহ |
| ওয়েস্ট সাইড ফেডারেশন ফর সিনিয়র এবং সাপোর্টিভ হাউজিং (West Side Federation for Senior and Supportive Housing, WSFSSH) | গৃহহীনদের পরিষেবা প্রদানকারী | মাইক্রোসফট টিম এর সাহায্যে করা আলোচনা | • বয়স্ক প্রাপ্তবয়স্কদের জন্য বিদ্যমান সিঙ্গেল রুমের দখল স্থায়ী আবাসনে আপডেট করার জন্য অর্থের প্রয়োজন।<br>• যারা আগে গৃহহীন অবস্থা থেকে স্থায়ী আবাসনে প্রবেশ করেন তাদের লাইট-টাচ পরিষেবা, প্রযুক্তি প্রশিক্ষণের প্রয়োজন যাতে তারা সুবিধাসমূহ অ্যাক্সেস করতে পারে তা নিশ্চিত করতে হবে। |
| নেইবরহুড ইনিশিয়েটিভস ডেভেলপমেন্ট কর্পোরেশন (Neighborhood Initiatives Development Corporation, NIDC) | পাবলিক/প্রাইভেট সংগঠন যারা ন্যায্য আবাসন এবং নাগরিক অধিকার বজায় রাখতে কাজ করে; গৃহহীন পরিষেবা প্রদানকারী | 1:1 মিটিং/কথাবার্তা এবং ইমেইল ফলো-আপ | • গৃহহীনতার প্রতিরোধ করতে আবাসন নেভিগেশন এবং আবাসন ধরে রাখার জন্য কর্মীদের জন্য ফান্ডের প্রয়োজন।<br>• স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবা ও শিক্ষা এবং নিরাপত্তা, সমস্যা সমাধান, আর্থিক পরিকল্পনা সংক্রান্ত অনুশীলনের সাথে সংযোগ প্রদান |

| *পরামর্শকৃত এজেন্সি/সংগঠন* | এজেন্সি/সংগঠন এর ধরণ | পরামর্শের পদ্ধতি | মতামত |
| --- | --- | --- | --- |
| | | | করতে পারে এমন কর্মী প্রয়োজন। |
| নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (New York City Housing Authority, NYCHA) | PHA | 1:1 মিটিং | • পাবলিক আবাসনের বাসিন্দাদের গুরুতরভাবে ভাড়া বকেয়ার জন্য সাহায্যের প্রয়োজন |

## পাবলিক অংশগ্রহণ:

*HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনার অগ্রগতির জন্য PJ দের অবশ্যই নাগরিকদের সুযোগ দিতে এবং উৎসাহিত করতে হবে। এই পরিকল্পনা জমা দেওয়ার পূর্বে, PJ দের অবশ্যই 15 দিনের মধ্যেই বাসিন্দাদের যুক্তিসম্মত নোটিশ ও প্রস্তাবিত HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনায় মন্তব্য করার সুযোগ দিতে হবে। PJ কে অবশ্যই "যুক্তিসম্মত নোটিশ এবং মন্তব্য করার সুযোগ" তার বর্তমান নাগরিক অংশগ্রহণ পরিকল্পনায় পরিকল্পনা সংশোধনের জন্য গ্রহণ করে অনুসরণ করতে হবে। সাথে, PJ দের অবশ্যই HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনার অগ্রগতির সময়ে এবং জমাদানের পূর্বে কমপক্ষে একটি পাবলিক শুনানি করতে হবে।*

*HOME-ARP এর জন্য, PJ দের নিম্নের তথ্যগুলো পাবলিকের কাছে উন্মুক্ত করতে হবে:*

- *PJ যে পরিমাণ HOME-ARP পাবেন,*
- কার্যক্রমের পরিসীমা যা PJ গ্রহণ করতে পারেন।

***পরিকল্পনার অগ্রগতি চলাকালীন সময়ে জনসাধারণের মন্তব্য করার সময়সীমা এবং অনুষ্ঠিত গণশুনানি(গুলি) সম্পর্কিত তথ্য এবং তারিখ সহ জনসাধারণের অংশগ্রহণের প্রক্রিয়া বর্ণনা করুন:***

- ***পাবলিক নোটিশের তারিখ:** 3/2/2023*
- ***জনসাধারণের মন্তব্য করার সময়সীমা:** শুরুর তারিখ: 3/9/2023; সমাপ্তির তারিখ: 3/24/2023*
- ***গণশুনানি:** 3/15/2023*

***জনসাধারণের অংশগ্রহণ বাড়াতে যেকোনো ধরণের প্রচেষ্টার বিষয়ে বর্ণনা করুন:***

HOME-ARP বরাদ্দকরণ পরিকল্পনার প্রস্তুতকালে, গণশুনানীতে বাসিন্দাদের লিখিত বা মৌখিকভাবে করা যেকোনো মন্তব্য বা অভিমতকে একজন PJ-এর অবশ্যই বিবেচনায় নিতে হবে।

***পাবলিক অংশগ্রহণ প্রক্রিয়ার মাধ্যমে প্রাপ্ত মন্তব্য এবং সুপারিশসমূহের সারসংক্ষেপ করুন***

***কেন কোন মন্তব্য এবং* সুপারিশসমূহ গ্রহণ করা হয় নি তার সারসংক্ষেপ করুন এবং তার কারণসমূহ উল্লেখ করুন:**

## মূল্যায়ন এবং গ্যাপ বিশ্লেষণের প্রয়োজন

*PJ দের অবশ্যই* যোগ্য জনগোষ্ঠীর সীমার মধ্যে এটির আকার এবং মিশ্রণ এবং তাদের অপূরণকৃত চাহিদার মূল্যায়ন করতে হবে। এছাড়াও একজন PJ কে অবশ্যই বর্তমান আশ্রয়ের এবং আবাসন ইনভেন্টরির পাশাপাশি পরিষেবা প্রদান সিস্টেমের যে কোন ঘাটতি চিহ্নিত করতে হবে। *PJ দের সাম্প্রতিক তথ্য যেমন সময় গণনার পয়েন্ট, আবাসনের ইনভেন্টরির গণনা অথবা কন্টিনিউম অফ কেয়ার (CoC) দের থেকে প্রাপ্ত তথ্য এবং পরিষেবা প্রাদানকারীদের সাথে আলোচনা থেকে প্রাপ্ত তথ্য যোগ্য জনগোষ্ঠীর ব্যক্তিসমূহ ও পরিবারদের ও তাদের অতিরিক্ত আবাসন, আশ্রয় অথবা পরিষেবার চাহিদার গণনায় ব্যবহার করতে হবে। PJ নিম্নে দেওয়া ঐচ্ছিক টেবিলসমূহ এবং/অথবা এই টেম্পলেটের অতিরিক্ত তথ্য টেবিল সংযুক্তির ব্যবহার করতে পারেন।*

**টেবিল 2. আবাসন চাহিদার ইনভেন্টরি এবং গ্যাপ বিশ্লেষণ**

| | গৃহহীন | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বর্তমান ইনভেন্টরি | | | **গৃহহীন জনগোষ্ঠী** | | | | **গ্যাপ বিশ্লেষণ** | |
| | পরিবার | শুধুমাত্র প্রাপ্তবয়স্ক | অবসরপ্রাপ্ত সেনা | পরিবার HH (কমপক্ষে 1জন শিশু) | প্রাপ্তবয়স HH (w/o শিশু) | অবসর প্রাপ্ত সেনা | DV এর শিকার | পরিবার | শুধুমাত্র প্রাপ্তবয়স্ক |
| | # এর শয্যা | # এর শয্যা | # এর শয্যা | | | | | # এর শয্যা | # এর শয্যা |
| জরুরি আশ্রয় | **31.138** | **31.786** | **160** | | | | | | |
| পরিবর্তনকালীন আবাসন | **332** | **2.588** | **179** | | | | | | |
| স্থায়ী সহায়তাপূর্ণ আবাসন | **7.711** | **27.854** | **4.996** | | | | | | |
| অন্যান্য স্থায়ী আবাসন | **555** | **95.** | **0** | | | | | | |
| আশ্রিত গৃহহীন | | | | **29.532** | **28.798** | **474** | **4.845** | | |
| অনাশ্রিত গৃহহীন | | | | **0** | **3.452** | **8** | **0** | | |
| ***বর্তমান গ্যাপ* অথবা অবশিষ্ট** | | | | | | | | **1.606** | **-464** |

**ডেটা সোর্স:** 2022 নিউ ইয়র্ক সিটি পয়েন্ট ইন সময় গণনা; 2022 কন্টিনিউম অফ কেয়ার হাউজিং ইনভেন্টরি কাউন্ট (Housing Inventory Count, HIC)

টেবিল 2 এর তথ্য অনুযায়ী, জরুরী আশ্রয় বিশেষ করে প্রাপ্তবয়স্কদের জন্য খুবই প্রয়োজন। প্রতি বছর, হাজারো নিউ ইয়র্ক শহরের বাসিন্দাদের আগুন, বে-আইনি দখল এবং অন্যান্য বিপজ্জনক অবস্থাসমূহের কারণে তাদের আবাসন থেকে সরিয়ে নেওয়া হয়। বর্তমানে শহরের জরুরী আশ্রয় সিস্টেমে প্রায় 464টি প্রাপ্তবয়স্কদের শয্যার ঘাটতি রয়েছে।

## *PJ দের সীমার মধ্যে যোগ্য জনগোষ্ঠীর আকার ও জনসংখ্যার মিশ্রণ বর্ণনা করুন:*

### *গৃহহীন জনগোষ্ঠী*

টেবিল 3 নিউ ইয়র্ক শহরের 2022 সালে নিউ ইয়র্ক শহরের গৃহহীন জনগোষ্ঠীর আকার ও জনসংখ্যার মিশ্রণ দেখায়। তথ্য অনুযায়ী, নিউ ইয়র্কের বর্ণ এবং বিশেষ করে কৃষ্ণাঙ্গ এবং হিস্পানিক বাসিন্দারা অসমভাবে আবাসন ও গৃহহীনতা সমস্যায় প্রভাবিত হয়েছেন।

**টেবিল 3.** New York City জনসংখ্যা 2022

| New York City গৃহহীন জনগোষ্ঠী (আশ্রিত এবং অনাশ্রিত) | গৃহহীন ব্যক্তিসমূহ | গৃহহীন ব্যক্তিদেরকে শেয়ার করুন |
|---|---|---|
| মোট | 61.840 | 100 |
| জাতি | | |
| কৃষ্ণাঙ্গ অথবা আফ্রিকান-আমেরিকান | 45.686 | 74% |
| শ্বেতাঙ্গ | 10.696 | 17% |
| এশীয় | 746 | 1% |
| আমেরিকান ইন্ডিয়ান/আলাস্কার বাসিন্দা | 419 | 1% |
| হায়াইয়ের বাসিন্দা/অন্যান্য প্যাসিফিক দ্বীপের বাসিন্দা | 957 | 2% |
| একাধিক জাতি | 3.336 | 5% |
| জাতিসত্তা | | |
| হিস্প্যানিক বা ল্যাটিনো | 23.415 | 38% |
| নন-হিস্প্যানিক বা নন-ল্যাটিন | 38.425 | 62% |
| লিঙ্গ | | |
| মহিলা | 26.715 | 43% |
| পুরুষ | 34,657 | 56% |
| ট্রান্সজেন্ডার | 421 | 1% |
| অ-শনাক্তকৃত লিঙ্গ | 44 | <1% |
| প্রশ্ন রকরা | 3 | <1% |
| উপ-জনসংখ্যা | | |
| সাংঘাতিকভাবে মানসিক অসুস্থ | 9,980 | 16% |
| দীর্ঘস্থায়ী শরীরের অপব্যবহার | 4,576 | 7% |
| অবসরপ্রাপ্ত সেনা: | 482 | 1% |
| HIV/AIDS | 2,896 | 5% |
| গার্হস্থ্য সহিংসতার শিকার | 4,845 | 8% |
| গৃহহীন ইয়ুথ যারা বাবা-মায়ের কাছে থাকে না | 2,094 | 3% |
| প্যারেন্টিং ইয়ুথ | 1,500 | 2% |
| প্যারেন্টিং ইয়ুথের অন্তর্ভুক্ত শিশুরা | 1,669 | 3% |

**ডেটা সোর্স:** 2022 NYC পয়েন্ট ইন টাইম (Point in Time Count, PIT)।

## *গৃহহীন হওয়ার ঝুঁকিতে যারা আছেন*

গৃহহীন জনগোষ্ঠীর পাশাপাশি, নিউ ইয়র্কের এমন বাসিন্দাও আছেন যারা গৃহহীন হওয়ার এবং গৃহায়নে ভারসাম্যহীনতার ঝুঁকিতে আছেন। ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development, HUD) এর সংজ্ঞা অনুযায়ী, এরা হলেন সেসকল ব্যক্তিবর্গ এবং পরিবারসমূহ যাদের আয় এরিয়া মেডিয়ান ইনকাম (Area Median Income, AMI) থেকে 30% স্বল্প, গৃহহীন হওয়া রোধ করার জন্য উপযুক্ত পরিমাণের রিসোর্স অথবা সহায়তা নেটওয়ার্ক নেই, অথবা আর্থিক কারণে বিগত 60 দিনের মধ্যে বাসস্থান পরিবর্তনের মতো স্থায়ী বাসস্থানের ব্যবস্থা নেই।

অন্তত একটি আবাসন সংশ্লিষ্ট সমস্যার সম্মুখীন ভাড়া বাসিন্দা যাদের AMI থেকে 30% কম আছে তাদের সংখ্যা এবং 30% AMI মাত্রার পরিবারসমূহের সামর্থ্য অনুযায়ী উপলব্ধ বাসস্থানের সংখ্যায় গড়মিল আছে। 2021 আমেরিকান কমিউনিটি সার্ভে ডেটা অনুযায়ী, 512,210-টি ভাড়ায় থাকা গৃহস্থালি আছে যাদের আয় AMI-এর বরাবর অথবা এর থেকে 30% নিচে যারা উল্লেখযোগ্য পরিমাণে গাদাগাদির স্বীকার হচ্ছেন (প্রতি রুমে 1.5 জন মানুষের বেশি), যাদের সম্পূর্ণ রান্নাঘর অথবা প্লাম্বিং ব্যবস্থার অভাব আছে, অথবা তারা তাদের মাসিক আয়ের 50 শতাংশের বেশি পরিমাণে খরচ বহন করছেন। এই মোট সংখ্যাটি 30% AMI মাত্রায় উপলব্ধ ইউনিটের মোট সংখ্যাকে 193,237 পরিমাণে অতিক্রম করে যায়। আরো 135,560 সংখ্যক এমন অতিরিক্ত গৃহস্থালি আছে যারা AMI-এর 30-50% এর মধ্যে আয় করছেন এবং তীব্র পরিমাণে গৃহায়ন সংশ্লিষ্ট সমস্যায় ভুগছেন।

**টেবিল 4:জনসংখ্যা বিষয়ক তথ্য, যারা ঝুঁকিতে আছেন**

| নিউ ইয়র্ক শহরে ভাড়ায় বসবাসকারী | 0%-30% AMI এর গৃহস্থালি | 30%-50% AMI এর গৃহস্থালি | 1 অথবা ততোধিক গুরুতর আবাসিক সমস্যা সহ 0%-30% AMI এর গৃহস্থালি | 1 অথবা ততোধিক গুরুত্বর আবাসিক সমস্যা সহ 30%-50% AMI গৃহস্থালি |
|---|---|---|---|---|
| মোট | 675,691 | 334,894 | 512,210 | 135,460 |
| জাতি | | | | |
| কৃষ্ণাঙ্গ অথবা আফ্রিকান-আমেরিকান | 173,349 | 81,847 | 130,601 | 27,684 |
| শ্বেতাঙ্গ | 132,672 | 67,804 | 107,375 | 39,104 |
| এশীয় | 69,740 | 34,266 | 54,598 | 17,287 |
| আমেরিকান ইন্ডিয়ান/আলাস্কার বাসিন্দা | 607 | 558 | 607 | 558 |
| প্যাসিফিক দ্বীপপুঞ্জের বাসিন্দা | 379 | 0 | 379 | 0 |
| হিস্পানিক | 271,831 | 137,468 | 194,428 | 45,157 |
| বহুজাতিক/অন্য জাতীর, হিস্পানিক না এমন | 27,370 | 12,951 | 24,222 | 5,670 |

**ডেটা সোর্স:**2021 ACS 1-বছরের জনসাধারণের ব্যবহারের মাইক্রোডেটা নমুনা (PUMS)

উপরের টেবিল 4-এ HUD এলাকার গড় আয়ের মাত্রা অনুযায়ী জাতি ভিত্তিক গ্রুপে নিউ ইয়র্ক শহরের সকল গৃহস্থালিজুড়ে তীব্র পরিমাণের আবাসন সংশ্লিষ্ট সমস্যাগুলো দেখায়। তীব্র পরিমাণের আবাসন সংশ্লিষ্ট প্রয়োজন বলতে তীব্র পরিমাণের আবাসন সংশ্লিষ্ট সমস্যাগুলোর যেকোনো একটি অথবা তার অধিককে বোঝায়: অসম্পূর্ণ রান্নাঘর অথবা প্লাম্বিং ব্যবস্থা, তীব্র পরিমাণে গাদাগাদি (প্রতি রুমে 1.5 জনের

বেশি), অথবা 50 শতাংশের বেশি খরচ। এখানে আমরা "তীব্র পরিমাণে আবাসন সমস্যাসমূহ" অনুযায়ী জাতি ভিত্তিক অনুপাতহীনতা খোজার জন্য চারটি HUD আয়ের মাত্রার সবগুলো দেখি।

নিয় ইয়র্কের সকল বাসিন্দাদের মধ্যে, 53.4 শতাংশ গৃহস্থালিতে আয়ের 30 শতাংশ আবাসনে ব্যয় করে। সামগ্রিকভাবে, 29.1 শতাংশ গৃহস্থালি তাদের আয়ের 50 শতাংশের বেশি মোট ভাড়ায় ব্যয় করেন। সবথেকে বেশি প্রভাব তাদের উপর হচ্ছে যাদের আয় AMI-এর 30 শতাংশেরও বেশি, যাদের গড় ভাড়ার চাপের পরিমাণ অসহনীয় পরিমাণে প্রায় 81শতাংশ। প্রধান জাতি ভিত্তিক গ্রুপগুলোতে খরচের চাপের অভিজ্ঞতা প্রায় এমন ধরণেরই হয়ে থাকে।

এলাকার গড় আয়ের 0 – 30% এই আয়ের মাত্রায়, 75.8 শতাংশ ভাড়ায় থাকা গৃহস্থালি তীব্র পরিমাণে আবাসন সংশ্লিষ্ট সমস্যার সম্মুখীন হয়। প্রধান জাতি ভিত্তিক গ্রুপগুলোতে এমন সমস্যাগুলোর অভিজ্ঞতা প্রায় এমন ধরণেরই হয়ে থাকে।

এলাকার গড় আয়ের 30 – 50% এই আয়ের মাত্রায়, শ্বেতাঙ্গ এবং এশীয়রাও, পৃথকভাবে, 57.6 শতাংশ এবং 50.4 শতাংশ পরিমাণে যেকোনো তীব্র পরিমাণের গৃহায়নের সমস্যাসমূহের অসামঞ্জস্যপূর্ণ অভিজ্ঞতা পেয়ে থাকেন যেখানে সামগ্রিক হার 40.4 শতাংশ।

**টেবিল 5:খরচের চাপ**

| | **মোট পরিবার** | **30%-50% খরচের বোঝা সহ পরিবার** | **30%-50% খরচের বোঝার শেয়ার** | **গুরুতর খরচের বোঝা সহ পরিবার >50%** | **গুরুতর খরচের বোঝার শেয়ার >50%** | **মোট খরচের চাপ** | **মোট %** |
|---|---|---|---|---|---|---|---|
| AMI এর 0-30% | 675,691 | 105,738 | 15.6% | 450,946 | 66.7% | 556,684 | 82.4% |
| AMI এর 30-50% | 334,894 | 150,313 | 44.9% | 116,473 | 44% | 266,786 | 79.7% |

**ডেটা সোর্স:** 2021 ACS 1-বছরের PUMS

মোট 727,265-টি ভাড়ায় থাকা গৃহস্থালি যাদের আয় AMI থেকে 100 শতাংশ কম, তারা কিছু তীব্র পরিমাণের গৃহায়নের সমস্যার অভিজ্ঞতা পেয়ে থাকেন (সম্পূর্ণ রান্নাঘর/প্লাম্বিং-এর অভাব, তীব্র গাদাগাদি, অথবা 50 শতাংশেরও বেশি তীব্র খরচের চাপ)। যে সকল ভাড়ায় থাকা বাসিন্দাদের আয় AMI-এর 30 শতাংশেরও কম তারা অতিরিক্ত ভাবে তীব্র পরিমাণে ভাড়া প্রদানে চাপ অনুভব করেন। এই আয়ের বিভাগে, 65.8 শতাংশ তাদের আয়ের 30 শতাংশের বেশি খরচের চাপ বহন করেন এবং 61.7 শতাংশ তাদের আয়ের 50 শতাংশের বেশি তীব্র পরিমাণে খরচ প্রদান করে থাকেন।

নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (New York City Housing Authority, NYCHA), যেটি কিনা নর্থ আমেরিকার বৃহত্তম হাউজিং কর্তৃপক্ষ, নিম্ন এবং নিম্ন-মধ্যবিত্ত নিউ ইয়র্কারদেরকে ভালো, সুরক্ষিত এবং সামর্থ্যের মধ্যে হাউজিং প্রদান করার জন্য, তৈরি হয়েছিলো 1935 সালে। NYCHA, ডিসেম্বর 2022 থেকে, 16 জনের মধ্যে 1 জন নিউ ইয়র্কারের জন্য, প্রচলিত পাবলিক হাউজিং, সেকশন 8, এবং পার্মানেন্ট অ্যাফোর্ডিবিলিটি কমিটমেন্ট টুগেদার (Permanent Affordability Commitment Together, PACT) প্রোগ্রাম অনুযায়ী প্রায় 335-টি হাউজিং ডেভেলপমেন্টের 177,569 এপার্টমেন্টে গৃহায়ন প্রদান করে। শহরজুড়ে ভাড়া এপার্টমেন্টগুলোর 11.2% NYCHA-এর এপার্টমেন্ট। এছাড়াও, ব্যক্তিগত এপার্টমেন্টে থাকা

নিম্ন-আয়ের পরিবারদের কাছে NYCHA সেকশন 8 ভাড়া সহযোগিতা ভাউচার প্রদান করে থাকে। ডিসেম্বর 2022 থেকে, 94,677-টি পরিবার NYCHA সেকশন 8 ভাড়া সহযোগিতা পাচ্ছেন।

**টেবিল 6:জনসংখ্যা বিষয়ক তথ্য: প্রচলিত সেকশন 9 পাবলিক হাউজিং**

| ধরণ | আবেদনকারীর অপেক্ষার লিস্টের সাইজ |
|---|---|
| # এপার্টমেন্টসমূহ এর | 162,143 |
| # উন্নয়নসমূহ এর | 277 |
| # পরিবারসমূহ এর | 154,927 |
| #অনুমোদিত বাসিন্দাসমূহ এর | 331,879 |
| # বিল্ডিংসমূহ এর | 2,206 |
| গড় মোট আয় | $25,239 |

**ডেটা সোর্স:** ডিসেম্বর 31, 2022 থেকে NYCHA ভাড়াদারদের ডেটা এবং সম্পত্তির ডিরেক্টরি

NYCHA গৃহহীন হওয়ার আশঙ্কায় থাকা নিউ ইয়র্কারদের গুরুত্বপূর্ণ রিসোর্স দিয়ে থাকলেও, পাবলিক হাউজিং এবং সেকশন 8-এর জন্য দীর্ঘ অপেক্ষার সময়ের কারণে, সেই রিসোর্সগুলোর প্রয়োজন, সরবরাহ থেকে বেড়ে যায়। বিশেষ করে, সাধারণ অথবা গুরুত্বপূর্ণ নয় এমন আবেদনকারী ও স্থানান্তরের জন্য অপেক্ষার সময় অনেক বেশি। 2017-এর একটি বিশ্লেষণে দেখা যায় যে, এপার্টমেন্টের আকার অনুযায়ী, গুরুত্বপূর্ণ নয় এমন (N4 অগ্রাধিকার) আবেদনকারীদের জন্য আনুমানিক অপেক্ষার সময় কেমন এবং জানা যায় যে পরিমাপকৃত গড় সময় হলো 19.4 বছর। জরুরি ভিত্তির আবেদনকারীর (যারা কিনা বর্তমানে গৃহহীন অবস্থায় ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS) আশ্রয়ে আছেন) অগ্রাধিকার বেশি এবং তাদের কাছে আগে পৌঁছানো হয়ে থাকে, যার মানে হচ্ছে তাদের অপেক্ষার সময় পরিবর্তনশীল এবং ক্ষুদ্র। NYCHA সেকশন 8 ভাউচারের প্রাথমিক তালিকায় যারা আছেন তাদের জন্য অপেক্ষার গড় সময় 16.0 বছর।

**টেবিল 7: NYCHA পাবলিক আবাসন সহায়তার আবেদনকারীসমূহ**

| ধরণ | আবেদনকারীর অপেক্ষার লিস্টের সাইজ |
|---|---|
| পাবলিক আবাসনের আবেদনকারী* | 263,621 |
| সেকশন 8 এর আবেদনকারী** | 15,243 |

**ডেটা সোর্স:** NYCHA-এর পারফর্মেন্স ট্র্যাকিং অ্যান্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (Performance Tracking and Analytics Department, PTAD)-এর মাধ্যমে NYCHA ডেটা সোর্সের বিশ্লেষণ

* প্রতি দুই বছর অন্তর, পাবলিক হাউজিং তালিকা নবায়ন করতে হয়; তা না করা হলে, আবেদন বাতিল হয়ে যায়।
**সেকশন 8-এর অপেক্ষার তালিকা 2007-এ বন্ধ হয়ে গিয়েছে এবং কেউ যদি সেই তালিকায় থাকতে চাইতেন তবে তাকে সেই সময়ের মধ্যে ফাইল জমা করতে হতো। আবেদনের বেশিরভাগ এই সময়কালের। আরো নতুনতম আবেদনকারী যারা কিনা RAD-PACT অপেক্ষার তালিকার জন্য আবেদন করেছেন, তাদেরকে বাদ দেওয়া হয়েছে।

**টেবিল 8: N4 সাধারণ অগ্রাধিকার পাওয়া আবেদনকারীর জন্য পাবলিক হাউজিং সুবিধা পাওয়ার জন্য বছর আকারে আনুমানিক অপেক্ষার সময়**

| অ্যাপার্টমেন্টের আকার | বছর আকারে গড় অপেক্ষার সময় |
|---|---|
| স্টুডিও | 15.6 |
| 1টি বেডরুম | 3.9 |
| 2টি বেডরুম | 24.2 |
| 3টি বেডরুম | 14.4 |
| 4টি বেডরুম | 31.9 |
| 5টি বেডরুম | 2.5 |
| পরিমাপকৃত গড় | 19.4 |

**ডেটা সোর্স:** NYCHA-এর কর্মক্ষমতা ট্র্যাকিং এবং বিশ্লেষক ডিপার্টমেন্ট (PTAD)-এর মাধ্যমে NYCHA ডেটা সোর্সের বিশ্লেষণ

শহরজুড়ে বেশিরভাগ নাগরিকের NYCHA প্রদত্ত বিশেষ সামর্থ্যের মধ্যকার হাউজিং সেবার প্রয়োজন ছাড়াও, NYCHA পাবলিক হাউজিং-এ দশ হাজারেরও বেশি নিউ ইয়র্কার আছেন যাদের আয় AMI এর 30%-এর কম এবং যারা কিনা মহামারীর কারণে বকেয়া ভাড়ার মতো গৃহায়নঅসামঞ্জস্যতায় ভুগছেন। NYCHA-এর গৃহস্থালিগুলো শহরের সবথেকে নিম্ন-আয়ের গৃহস্থালির মধ্যে আছে, যাদের মোট গড় আয় মাত্র $25,239। ফেব্রুয়ারি 2023 থেকে শুরু করে, প্রায় 71,000 পাবলিক হাউজিং গৃহস্থালি আছে যাদের বকেয়া ভাড়ার পরিমাণ হিসাব করলে দাড়ায়, মোট $450M এর বেশি।

***গার্হস্থ্য সহিংসতা এবং মানব পাচার থেকে পালানো অথবা পালানোর চেষ্টা করা***

লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং গৃহহীন হওয়ার অবস্থার জন্য আন্তর্জাতিক এবং জাতীয় পর্যায়ে ভালোভাবে নথিভুক্ত করা প্রমাণ রয়েছে। প্রকৃতপক্ষে, আন্তঃ-ব্যক্তিক সহিংসতা হচ্ছে মহিলা ও শিশুদের গৃহহীন হওয়ার প্রধান কারণ, এবং গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ভুক্তভোগীদের জন্য সামর্থ্যের মধ্যে এবং নিরাপদ গৃহায়ন একটি প্রাথমিক চিন্তার বিষয়। নিউ ইয়র্ক শহরের মধ্যে, যেসকল ভুক্তভোগী গার্হস্থ্য সহিংসতার আশ্রয়ে আসেন, তারা প্রায়ই স্টেট নির্ধারিত অবস্থানের সময়সীমার মধ্যে (180 দিন) স্থিতিশীল হাউজিং পান না এবং তাদেরকে গৃহহীন আশ্রয়ের সিস্টেমের জন্য ছেড়ে দেওয়া হয় যার ফলে স্থায়ী হাউজিং পাওয়ার আগে আরো সমস্যার সৃষ্টি হয়।

**টেবিল 9: (ডিসেম্বর 2022 থেকে) হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন (Human Resources Administration, HRA) পারিবারিক সহিংসতার জন্য আশ্রয়ের সংখ্যা**

| গৃহস্থালির ধরণ | গণনা |
|---|---|
| অবিবাহিত প্রাপ্তবয়স্ক | 114 |
| পরিবারে প্রাপ্তবয়স্ক | 1,494 |
| পরিবারে শিশু | 2,346 |
| মোট | 3,954 |

**ডেটা সোর্স:** স্থানীয় আইন 37 HRA- রিপোর্ট – OpenData

***একত্রিত এবং একত্রিত নয় এমন আশ্রয় ইউনিট, সহায়তামূলক সেবা, টেন্যান্ট-বেজড রেন্টাল অ্যাসিস্ট্যান্স (Tenant-based rental assistance, TBRA) , এবং সামর্থ্যের মধ্যে ও স্থায়ী সহায়তামূলক রেন্টাল হাউজিং-এর মতো বর্তমানে যেসকল রিসোর্স দিয়ে যোগ্য জনসংখ্যাকে সহায়তা করা যায় তা নির্ণয় এবং বিবেচনা করুন:***

যারা গৃহহীন এবং যারা গৃহহীন হওয়ার ঝুঁকিতে আছেন তারা সহ সকল নিউ ইয়র্কারদের জন্য সামর্থ্যের মধ্যে, স্থায়ী, স্থিতিশীল আবাসন প্রদান করা হলো ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশনঅ্যান্ড ডেভেলপমেন্ট (Department of Housing Preservation and Development, HPD), ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS), হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন (Human Resources Administration, HRA) এবং নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (New York City Housing Authority, NYCHA)-এর মতো এই শহরের একাধিক হাউজিং এবং গৃহহীন এজেন্সির দায়িত্ব। যোগ্য জনসংখ্যার জন্য এই শহর কি কি মূল প্রোগ্রাম অফার করে থাকে তার একটি ধারণা এই টেবিলটি প্রদান করে।

**টেবিল 10: পরিষেবাসমুহ:**

| পরিষেবা | কর্মসূচির বর্ণনা |
|---|---|
| **গৃহহীন আশ্রয় সিস্টেম** | যেসকল পরিবারে বাচ্চা এবং অবিবাহিত প্রাপ্তবয়স্ক আছেন সেগুলো সহ যেসব নিউ ইয়র্কের বাসিন্দারা যাচাইযোগ্যভাবে গৃহহীনতা সম্মুখীন হচ্ছেন তাদের জন্য ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS) অস্থায়ী পরিবর্তনকালীন আবাসনের সেবা দিয়ে থাকে। |
| **জরুরি আশ্রয়সমূহ** | HPD এর জরুরী আবাসন পরিষেবাসমূহ (EHS) ইউনিট জরুরি স্থানান্তর পরিষেবাসমূহ এবং শহরের জারি করা খালি করার আদেশ বা আগুন লাগার ফলস্বরূপ যে পরিবারগুলি তাদের বাসা থেকে বিস্থাপিত হয়েছেন, তাদেরকে স্থানান্তর ও পুনরায় বাসস্থানের সহায়তা প্রদান করে। স্থানচ্যুত পরিবারদের ফ্যামিলি সেন্টার এবং ম্যানহাটন, ব্রঙ্কস, ব্রুকলিন এবং কুইন্সে একক-রুম এ থাকা যায় এমন হোটেলসমূহে থাকার ব্যবস্থা দেওয়া হয়। |
| **প্রজেক্ট নো ভায়োলেন্স অ্যাগেইন (No Violence Again, NoVA)** | প্রজেক্ট NoVA-এর মাধ্যমে, ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS) নিউ ইয়র্ক শহরে যারা পারিবারিক সহিংসতার শিকার এবং সাময়িক জরুরী আশ্রয় খুঁজছেন তাদের চাহিদা পূরণ করে থাকে। NoVA এর সোশ্যাল কর্মীরা ইন-টেইক সেন্টার এবং বিভিন্ন ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS) এর আশ্রয় কেন্দ্রে নিযুক্ত আছেন যারা একক এবং গ্রুপ কাউন্সেলিং, উকিলাতি, রেফারেলসমূহ এবং পারিবারিক সহিংসতার শিকার গ্রাহকদের তথ্য দেওয়া সহ গোপনীয় পরিষেবাসমূহ দিয়ে থাকে। |
| **Homebase** | HRA এর হোমবেস প্রোগ্রাম নিউ ইয়র্কের বাসিন্দা যারা কমিউনিটিতে অস্থিতিশীল আবাসিক সমস্যায় আছেন তাদের বিভিন্ন গৃহহীন প্রতিরোধ এবং NYC ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS) আশ্রয়কেন্দ্র থেকে চলে আসা পরিবার ও ব্যক্তিদের পরবর্তী সাবধানতা পরিষেবা দিয়ে থাকে। |

| পরিষেবা | কর্মসূচির বর্ণনা |
|---|---|
| **CityFHEPS** | CityFHEPS ভাড়া সহায়তা প্রোগ্রাম, নিউ ইয়র্কের বাসিন্দাদের যাদের ভাড়া দেওয়ার জন্য সহায়তার প্রয়োজন বা যারা আশ্রয়কেন্দ্র ত্যাগ করে স্থায়ী আবাসনে যেতে চাচ্ছেন এবং অস্থিতিশীল আবাসিক সমস্যায় আছেন তাদের আবাসনে থাকতে সহায়তা প্রদান করে। |
| **HOME TBRA** | HRA টেন্যান্ট-বেজড রেন্টাল অ্যাসিস্ট্যান্স (Tenant-Based Rental Assistance, TBRA), যা HPD এর মাধ্যমে HUD এর আবাসন ইনভেস্টমেন্ট অংশীদারদের দ্বারা অর্থায়িত, আশ্রয়ে থাকা পরিবারসমূহ ও ক্রমাগতভাবে রাস্তায় থাকা গৃহহীন মানুষদের তাদের ভাড়ার টাকা প্রদানে সহায়তা প্রদান করে। অর্থায়ন সীমিত হওয়ার ফলে, আশ্রয়ে থাকা সকল পরিবার অথবা রাস্তায় থাকা গৃহহীন মানুষ যারা এই প্রোগ্রামের ভাড়ার সহায়তার নিয়মসমূহের মধ্যে পরেন তারা সকলে সহায়তা পান না। |
| **NYC 15/15 রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (NYC 15/15 Rental Assistance Program)** | নিউ ইয়র্ক শহর 15/15 প্রোগ্রাম একটি নিউ ইয়র্ক শহর অর্থায়িত ভাড়া সহায়তা প্রোগ্রাম যা যোগ্য পরিবার বা গৃহহীন ব্যাক্তিকে বা যারা গৃহহীন হওয়ার ঝুঁকিতে আছেন তাদের সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট প্রদান ও দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা লক্ষ্যে সহায়তা পরিষেবা প্রদান করে থাকে। এই প্রোগ্রাম আগামী 15বছরে নিউ ইয়র্ক শহরে 15,000 নতুন সহায়তা আবাসনের প্রস্তুত ও অর্থায়নের লক্ষ্যে কাজ করছে। |
| **এমার্জেন্সি হাউজিং ভাউচার (Emergency Housing Voucher, EHV)** | HUD এর অর্থায়নে, EHV প্রোগ্রাম পরিবারসমূহ ও ব্যক্তিরা যারা গৃহহীনতার সম্মুখীন বা ঝুঁকিতে রয়েছেন; পালিয়ে যাচ্ছেন বা পারিবারিক সহিংসতা থেকে পালানোর চেষ্টা করছেন, ডেটিং এর সময়কালে সহিংসতা, যৌন নির্যাতন, অনুসরণ করা বা মানব পাচার; অথবা সম্প্রতি গৃহহীন হয়েছেন এবং আয়ের বড় অংশ ভাড়া দেওয়ার ফলে আবাসন অস্থিতিশীলতার উচ্চ ঝুঁকিতে আছেন |
| **সাপোর্টিভ হাউজিং লোন প্রোগ্রাম (Supportive Housing Loan Program, SHLP)** | SHLP এর মাধ্যমে HPD অন-সাইট সামাজিক পরিষেবা সহ স্থায়ী আবাসন তৈরির জন্য অলাভজনক এবং লাভজনক নির্মাণকারী দের লোন প্রদান করে। SHLP অর্থায়নে তৈরি প্রোজেক্টসমূহকে অবশ্যই 60% ইউনিট গৃহহীনদেরকে, বিকলাঙ্গ ব্যক্তিকে অথবা এমন পরিবারকে দিতে হবে যারা গৃহহীন এবং পরিবার প্রধান বিকলাঙ্গ। বাকি 40% ইউনিট সম্প্রদায়ের মধ্যে এলাকার গড় আয়ের 60% পর্যন্ত আয় করা গৃহস্থালির কাছে ভাড়া দেওয়া যেতে পারে। |
| **NYCHA** | NYCHA, প্রচলিত পাবলিক হাউজিং প্রোগ্রাম (সেকশন 9)-এর মাধ্যমে 277 টি আবাসন ডেভেলপমেন্টের মধ্যে 162,143 টি এপার্টমেন্টে 339,900 জনেরও বেশি বাসিন্দাদের সেবা প্রদান করে থাকে। NYCHA পার্মানেন্ট অ্যাফোর্ডাবিলিটি কমিটমেন্ট টুগেদার (PACT) প্রোগ্রামের অধীনে নিয়ে আসা 58 টি ডেভেলপমেন্টের মধ্যে 15,426 টি ইউনিটের মাধ্যমে 29,789 জন স্বীকৃত প্রাপ্ত বাসিন্দাদের সেবা প্রদান করে থাকে। ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, |

| পরিষেবা | কর্মসূচির বর্ণনা |
|---|---|
| | DHS) আশ্রয় সিস্টেমের নির্ধারিত স্থানের মাধ্যমে গৃহহীন পরিবারসমূহকে NYCHA আবাসনের সুযোগ প্রদান করে থাকে। এছাড়াও, NYCHA বাসিন্দাদেরকে আর্থিক ক্ষমতায়ন, ব্যবসা বিকাশ, ক্যারিয়ারে উন্নতি, এবং শিক্ষা প্রোগ্রামের সাথে সম্পর্ক স্থাপন করিয়ে দেয়। |

***বর্তমান আশ্রয় এবং আবাসনের বর্ণনামূলক তালিকার এবং এর পাশাপাশি সেবা পৌঁছিয়ে দেওয়ার সিস্টেমের মধ্যে ফাঁকা নির্ণয় করুন:***

উপরে যেমনটি চিহ্নিত করা হয়েছে, নিউ ইয়র্ক শহরে HOME-ARP এর জন্য যোগ্য জনগণের জন্য বিস্তৃত আকারে জরুরী আবাসন, সহায়তামূলক সেবাসমূহ এবং ভাড়ার ক্ষেত্রে সহায়তার প্রোগ্রাম আছে। তবে, বিদ্যমান প্রোগ্রাম বর্ধিত করণের জন্য এবং নতুন প্রোগ্রাম তৈরি করার জন্য আরো রিসোর্সের উল্লেখযোগ্য পরিমাণ প্রয়োজন আছে। বিদ্যমান প্রোগ্রামের মূল্যায়ন এবং স্টেকহোল্ডার সংযুক্তিতে পাওয়া ফিডব্যাকে এটা দেখা যায় যে, আরো অধিক সহায়তামূলক সেবাসমূহের জন্য, জরুরী আশ্রয়ের জন্য, ভাড়ার সাবসিডিসের জন্য এবং সামর্থ্যের মধ্যে রেন্টাল ইউনিটের জন্য বিশেষ প্রয়োজন আছে।

<u>সহায়তামূলক সেবাসমূহ</u>

বিগত কয়েকবছরের মধ্যে, ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশনঅ্যান্ড ডেভেলপমেন্ট (Department of Housing Preservation and Development, HPD) তাদের এজেন্সির ডেভেলপমেন্ট অর্থায়ন এবং সহায়তা প্রোগ্রামের বিস্তীর্ণ ক্ষেত্রজুড়ে গৃহহীনদের জন্য গৃহায়নের সুযোগ বৃদ্ধির জন্য কাজ করেছে। এই প্রোগ্রামগুলোর মধ্যে দিয়ে, এজেন্সি প্রত্যেক বছর গৃহহীনদের জন্য নির্ধারিত ইউনিটে শতাধিক অবস্থান দিয়ে থাকেন।  2021 এ, নিউ ইয়র্ক শহর 7,788 টি জরুরী আবাসন ভাউচার (EHV) পেয়েছিলো গৃহহীন গৃহস্থালির জন্য, যার ফলে অভূতপূর্ব সংখ্যায় আশ্রয় থেকে গৃহস্থালিগুলোকে স্থায়ী আবাসনে সরিয়ে নেওয়া সম্ভব হয়েছে।

গৃহহীন ক্লায়েন্ট এবং শহরের জন্য এই রিসোর্স গুলো সুবিধাজনক এবং ভারসাম্য দেওয়ার মতো হলেও, ভিন্ন ভিন্ন আবাসনের ধরণে বাস করা প্রাক্তন গৃহহীন ভাড়াটিয়াদেরকে কেমন মাত্রার নিরাপত্তা এবং সহায়তা দেওয়া হয়ে থাকে তাতে ভিন্নতা থাকতে পারে। HPD তে থাকা অথবা জরুরি আবাসন ভাউচার সহ গৃহহীন পরিবারসমূহের জন্য আবাসন ধারণ করে রাখার এবং স্থিতিশীল পরিষেবা প্রদানের প্রয়োজন রয়েছে, তা না হলে তারা স্থায়ী আবাসনে সফলভাবে স্থানান্তরের সহায়তা পাবেন না। যেখানে সিটি HRA এর হোমবেস প্রোগ্রামে রেফারেল এর পরিবারসমূহকে প্রয়োজনের ভিত্তিতে সেবা প্রদানের চেষ্টা করেছে নতুন প্লেসমেন্টগুলোর ধরনসমূহকে মোকাবেলা করার জন্য HPD তৈরি করা হয়নি এবং রেফারেলসমূহেপ্রতিক্রিয়া জানানোর সময় 48 ঘণ্টা থেকে 4 সপ্তাহে বাড়ানো হয়েছে। আমাদের আলোচনা চলাকালীন সময়, কয়েকজন স্টেকহোল্ডার, সেবার প্রয়োজন বৃদ্ধির তুলনায় বিগত বছরগুলোতে হোমবেসের জন্য অর্থায়নে কোনো পরিবর্তন না আসার কারণে দুশ্চিন্তা জানিয়েছেন এবং সুপারিশ করেছেন যেনো প্রোগ্রামটি বর্ধিত করার জন্য অতিরিক্ত অর্থায়ন করা হয়।

এছাড়াও পাবলিক হাউজিং-এর দশ হাজার বাসিন্দার জন্য অর্থায়ন সহায়তার প্রয়োজনীয়তা স্পষ্টতই আছে। মহামারীর ফলে, নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (New York City Housing Authority, NYCHA)-এর নিম্ন আয়ের গৃহস্থালিগুলো তাদের ভাড়া দিতে পারেননি এবং এটি জমে ডিসেম্বর 2022 এর হিসাব অনুযায়ী প্রায় $466 মিলিয়ন বকেয়া হয়েছে। 71,000 থেকে বেশি গৃহস্থালি বকেয়া তে আছে এবং

এর মধ্যে 20% গৃহস্থালির প্রত্যেককে $10,000 এর বেশি পরিমাণে অর্থ দিতে হবে। NYCHA-এর গৃহস্থালিগুলো শহরের সবথেকে নিম্ন-আয়ের গৃহস্থালির মধ্যে আছে, যাদের মোট গড় আয় মাত্র $25,239। যে সকল গৃহস্থালি বকেয়াতে আছে তাদের ছাব্বিশ শতাংশে বয়োজ্যেষ্ঠ কেউ হচ্ছেন গৃহস্থালির প্রধান, এবং বেশীরভাগ ক্ষেত্রেই বকেয়া তে থাকা বয়োজ্যেষ্ঠরা একা থাকেন। বকেয়াতে থাকা গৃহস্থালির পঞ্চাশ শতাংশে দেখা যায় যে সেগুলোতে 18 বছরের কম বয়সী শিশু সহ এবং 18 বছরের কম বয়সী শিশু ছাড়া এমন ক্ষেত্রে প্রায় সমান বণ্টনে কাজ করছে। এই সীমাবদ্ধতাগুলোর কারণে, NYCHA-এর বেশীরভাগ বাসিন্দা যাদের কিনা ভাড়া বকেয়া আছেন, তাদের প্রয়োজন মেটানোর ক্ষেত্রে তারা বর্তমানে অক্ষম এবং ভবিষ্যতে অক্ষম থাকবেন।

কোভিড মহামারীতে আর্থিকভাবে প্রভাবিত ভাড়াটিয়াদের সহায়তা করার জন্য নিউ ইয়র্ক ষ্টেট এমারজেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Emergency Rental Assistance Program, ERAP) শুরু করলেও, সাবসিডিয়ারি পাওয়া বাসিন্দাদেরকে ERAP-এর অংশ হওয়া থেকে অগ্রাধিকার বঞ্চিত করা হয়েছে, এবং সাবসিডিয়ারি পাওয়া কোনো ভাড়াটিয়া বকেয়া ভাড়া বিষয়ক সহযোগিতা এই প্রোগ্রামের মাধ্যমে পাননি। ফলস্বরূপ, পাবলিক হাউজিং-এর বাসিন্দাদের মধ্যে তাদের বকেয়া ভাড়া পরিশোধ এবং তাদের আবাসনে স্থিতিশীলতা আনার জন্য বিপুল পরিমাণে আর্থিক সহায়তার প্রয়োজন মেটানো বাকি রয়ে গিয়েছে।

<u>জরুরি আশ্রয়</u>

প্রতি বছর, আগুন লাগা, বেআইনি দখলদারিত্ব, এবং অন্যান্য ক্ষতিকর অবস্থার কারণে শতাধিক গৃহস্থালি স্থানচ্যুত হন। প্রতি বছর এমন ঘটনার সংখ্যা প্রায় 1,500, এবং HPD এই সকল স্থানচ্যুত গৃহস্থালির জন্য জরুরী অবস্থায় আশ্রয় এবং পুনরায় আবাসনের জন্য সহায়তা প্রদান করে থাকে। কিছু ঘটনায় দেখা গিয়েছে যে, তাদের গৃহ হারানো ছাড়াও, এই নিউ ইয়র্ক বাসিন্দাদের তাদের সম্প্রদায় থেকে, তাদের দৈনন্দিন কার্যক্রম থেকে এবং তাদের সহায়তার নেটওয়ার্ক থেকে জোড় পূর্বক বের করা দেওয়া হয়। আমরা যেনো জরুরী আশ্রয়ের প্রয়োজন এমন ব্যক্তিদেরকে তাদের সম্প্রদায়ের কাছাকাছি রাখতে পারি সেটা নিশ্চিত করতে হবে।

<u>টেন্যান্ট-বেজড রেন্টাল অ্যাসিস্ট্যান্স</u>

ভাড়ার চাপের সম্মুখীন এই সকল নিউ ইয়র্কারদের জন্য বিভিন্ন ভাড়ার সাবসিডি প্রোগ্রাম থাকা সত্ত্বেও, বিদ্যমান ভাউচারের তুলনায় প্রয়োজনের পরিমাণ অত্যধিক। এই ডকুমেন্টে আমরা আগে যেভাবে চিহ্নিত করেছি, নিউ ইয়র্কের 53.4% ভাড়াটিয়াদের আবাসনের খরচ তাদের আয়ের 30%-এর বেশি। সামগ্রিকভাবে, 29.1% তাদের আয়ের 50%-এর বেশি মোট ভাড়ার জন্য প্রদান করে থাকেন। সবথেকে বেশি প্রভাব তাদের উপর হচ্ছে যাদের আয় অনেক কম, AMI-এর 30%-এরও কম, এবং যাদের গড় ভাড়ার চাপের পরিমাণ অসহনীয় পরিমাণে প্রায় 81%। বর্তমান প্রোগ্রামের একটি মূল্যায়নে এটা দেখা যায় যে, স্পষ্টভাবে আরো বেশি পরিমাণে ভাড়া জনিত সহায়তার প্রয়োজন আছে - যেটা কিনা আলোচনাসভার মধ্যে স্টেকহোল্ডাররা নিশ্চিত করেছেন।

এর একটি উদাহরণ হলো, মেয়রস অফিস টু এন্ড ডোমেস্টিক অ্যান্ড জেন্ডার-বেজড ভায়োলেন্স (Mayor's Office to End Domestic and Gender-Based Violence, ENDGBV) থেকে পাওয়া ফিডব্যাক যেখানে এই জনসংখ্যা থেকে তারা এবং সম্প্রদায়-ভিত্তিক গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা রোধের প্রতিষ্ঠানগুলো যেমনটি দেখছেন, বর্তমান স্থায়ী আবাসন ব্যবস্থাগুলো সাহায্যের প্রয়োজন মেটানোর জন্য যথেষ্ট নয়। এই জনগণের জন্য ব্যাপক পরিবর্তন নিয়ে আসতে পেরেছে যেই প্রোগ্রামটি সেটি হলো এমারজেন্সি হাউজিং ভাউচার (EHV) প্রোগ্রাম। ENDGBV অনুযায়ী, প্রথমবারের মতো, এই মূল্যবান হাউজিং রিসোর্সের জন্য

আবেদন করার ক্ষেত্রে, গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার স্বীকার ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হয়েছিলো সেকশন 8-এর অধীনে এবং (রেফার করা গার্হস্থ্য/লিঙ্গ-ভিত্তিক সহিংসতা রোধের এজেন্সির মূল্যায়ন ব্যতীত) অন্য কোনো ডকুমেন্টেশনের প্রয়োজন পড়েনি। ENDGBV এই জনগণের অবস্থান নিশ্চিত করণ এবং তাদেরকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে এসেছে। এই জনগণের জন্য আসল নির্ধারিত স্থান ছিলো 1,168-টি EHV, কিন্তু আরো 1,468-টি EHV ইস্যু করা হয়েছে। যদিওবা শহরের প্রায় সকল EHV ইস্যু করা হয়ে গিয়েছে, প্রোগ্রামটি আনুষ্ঠানিকভাবে বন্ধ হওয়ার আগে এই জনগণের জন্য আরো অন্তত 1,600+ EHV ইস্যু করা হবে বলে আশা করা যাচ্ছে। এতে করে এটা স্পষ্ট হয়ে উঠে যে যোগ্য জনগণের জন্য অতিরিক্ত ভাড়া প্রদানজনিত সহায়তা বিপুল পরিমাণে প্রয়োজন।

<u>গৃহহীন গৃহস্থালির জন্য সামর্থ্যের মধ্যে ভাড়া নেওয়ার ইউনিট তৈরি করা</u>

আমাদের প্রতিবেশীদেরকে গৃহায়ন সুবিধা দেওয়ার ক্ষেত্রে: আবাসন ও গৃহহীনতার একটি নীলনকশা, আবাসন অপশনের চলমান ঘাটতি আমাদের বর্তমান সামর্থ্য এবং গৃহহীনতার সংকটে ভূমিকা রাখছে। আবাসন এবং সাশ্রয়ী আবাসন এর ঘাটতি নিউ ইয়র্কের বাসিন্দাদের আবাসন অস্থিতিশীলতার মারাত্মক ঝুঁকিতে ফেলছে এবং যারা গৃহহীনতার সম্মুখীন তাদের আবার পুনরায় স্থিতিশীল আবাসন ফিরে পেরে এটা আরো কঠিন করে তুলছে। যদিওবা নিউ ইয়র্ক শহরের দশ হাজারের বেশি গৃহহীন মানুষদের আবাসন ভাউচার কেনার এভেইলেবলিটি এবং যোগ্যতা বৃদ্ধি করছে, তাও প্রয়োজন অনুযায়ী আবাসন না থাকার ফলে ভাউচার দিয়ে পরিবারসমূহের বসবাসের জন্য আবাসন খুঁজে পাওয়া আরো কঠিন হয়ে দাঁড়িয়েছে। (উদ্ধৃতি: https://www.nyc.gov/assets/home/downloads/pdf/office-of-the-mayor/2022/Housing-Blueprint.pdf)। আরো সহায়তা আবাসন ইউনিট তৈরি এবং গৃহহীন পরিবারগুলোকে আবাসন এর স্থান দেওয়া ভীষণ প্রয়োজন।

***যদি PJ "অন্যান্য জনসংখ্যার সংজ্ঞাতে এ ধরণের শর্তসমূহকে HOME-ARP নোটিশে প্রতিষ্ঠিত হিসেবে অন্তর্ভুক্ত করে থাকেন তাহলে অস্থিতিশীলতা ও গৃহহীনতার বৃদ্ধির ঝুঁকির সাথে সম্পর্কিত আবাসনের বৈশিষ্ট্যসমূহ চিহ্নিত করুন:***

অস্থিতিশীলতা ও গৃহহীনতার বৃদ্ধির ঝুঁকির সাথে সম্পর্কিত আবাসনের বৈশিষ্ট্যসমূহ সিটি একীভূত পরিকল্পনাতে সংজ্ঞায়িত করা হয়েছে:

- উচ্ছেদ এর হুমকি
- কোন ইজারা নেই
- খুব কম আয় এবং খুব বেশি ভাড়ার বোঝা
- নিম্নমানের আবাসন
- ঘনবসতিপূর্ণ অবস্থাসমূহ
- সম্প্রতি গৃহহীনতার ঘটনা

নিম্নমানের আবাসন বলতে বোঝায় যেখানে প্লাম্বিং অথবা রান্নাঘরের সুবিধা নেই।

ঘনবসতিপূর্ণ অবস্থাসমূহ বলতে রুমপ্রতি 1.01-1.5 জন লোকের বসবাসকে বোঝায়। মারাত্মকভাবে ঘনবসতিপূর্ণ অবস্থাসমূহ বলতে রুমপ্রতি >1.51 জন লোকের বসবাসকে বোঝায়।

অত্যন্ত কম আয়ের (Extremely low-income, ELI) পরিবারসমূহ (0-30% AMI আয়কারী) এবং খুব কম আয়ের (Very Low-Income, VLI) পরিবারসমূহ (31-50% AMI আয়কারী) নিম্নমানের আবাসন, মারাত্মকভাবে ঘনবসতিপূর্ণ এবং 50 শতাংশের উপরে অসমনুপাতিকভাবে উচ্চ হারের খরচের বোঝার

সম্মুখীন হচ্ছেন। উপরে যেমন বলা হয়েছে, 75.8 শতাংশ ELI ভাড়া প্রদানকারী পরিবারসমূহ গুরুতর আবাসন সমস্যার ঘটনা অনুভব করছেন।

***যোগ্য জনগোষ্ঠীর জন্য অগ্রাধিকার চাহিদা চিহ্নিত করুন:***

উপরে বর্ণিত তথ্য বিশ্লেষণের এবং পাবলিক পরামর্শ প্রক্রিয়ার মাধ্যমে, শহর QP এর জন্য সহায়তা পরিষেবাসমূহকে সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে। শহরজুড়ে 567,419 ELI এবং VLI গুরুতর আবাসন খরচের সমস্যা অনুভব করছেন এবং এই পরিবারসমূহ আরো বিভিন্ন অতিরিক্ত কারণসমূহের সম্মুখীন হতে যাচ্ছেন যা নিম্নমানের আবাসন, উচ্ছেদ এর হুমকি এবং সম্প্রতি গৃহহীনতার ঘটনাসহ গৃহহীনতার ঝুঁকি বাড়াচ্ছে। কোভিড-19 মহামারীর চলাকালে, পাবলিক আবাসনের 71,000 পরিবারসহ শত হাজার বাসিন্দা ভাড়ার বোঝার কারণে উচ্ছেদ এর হুমকি এর সম্মুখীন হচ্ছেন। ফেডারেল জরুরীকালীন আবাসন ভাউচারের (EHVs) দ্বারা গৃহহীন পরিবারদের প্রদান করা ভাড়া সহায়তার প্রবাহের সাথে, পরিবারসমূহ যাতে আশ্রয়কেন্দ্রে ফিরে না যায় তার জন্য স্থিতিশীলতা এবং ধারণক্ষমতা পরিষেবার আরো প্রয়োজন। বিশাল স্টেকহোল্ডারের বেশিরভাগের মতামত এসকল সহায়তা পরিষেবার প্রয়োজনের উপর জোড় দেয়।

এছাড়াও সিটি প্রাপ্তবয়স্কদের জন্য জরুরীকালীন আশ্রয় শয্যার বৃদ্ধিক QP এর অগ্রাধিকার চাহিদা হিসেবে চিহ্নিত করেছে। বর্তমানে শহরের জরুরী আশ্রয় সিস্টেমে 464টি প্রাপ্তবয়স্কদের শয্যার ঘাটতি রয়েছে।

***পরিকল্পনায় উপস্থাপিত তথ্যের উপর ভিত্তি করে কিভাবে আশ্রয় ও আবাসন ইনভেন্টরির এবং পরিষেবা প্রদান সিস্টেম সমূহের চাহিদার পরিমাণ এবং ঘাটতি কিভাবে নির্ধারণ করা হয়েছিল তা বর্ণনা করুন:***

আবাসন ইনভেন্টরির এবং পরিষেবা প্রদান সিস্টেম সমূহের চাহিদার পরিমাণ এবং ঘাটতি চিহ্নিত করার জন্য, সিটি 2022 সালের PIT এর গণনা, CoC আবাসন ইনভেন্টরির গণনা, আমেরিকান কমিউনিটি সার্ভে (ACS) এর অনুমানসমূহ এবং সিটির বিভিন্ন এজেন্সিসমূহ যেমন HPD, NYCHA এবং HRA এর অভ্যন্তরীণ তথ্যসমূহ তথ্যের উৎস হিসেবে বিশদভাবে ব্যবহার করেছে। এই বিশ্লেষণটি সিটি এজেন্সি, নিউ ইয়র্ক শহরের CoC, PJ দের সেবা প্রদানকারী PHA সমূহ এবং আবাসন এ সামাজিক পরিষেবা প্রদানকারীদের সাথে স্টেকহোল্ডারদের সাথে আলোচনায় আরো জানানো হয়েছিল।

## HOME-ARP কার্যক্রমসমূহ

***ডেভেলপারদের অর্থায়ন এবং/বা নির্বাচন করার জন্য আবেদন করার প্রক্রিয়াগুলো বর্ণনা করুন, সেবা প্রদানকারী, উপপ্রাপক এবং/অথবা চুক্তিকারীরা এবং PJ সরাসরিভাবে যোগ্য কার্যক্রমগুলি তদারকি করবেন কিনা:***

প্রকিউরমেন্ট প্রসেসসমূহের মাধ্যমে পরিষেবা প্রদানকারীদের চিহ্নিত করা হবে এবং শহর যোগ্য কার্যক্রমগুলি প্রয়োজন অনুযায়ী তদারকি করবে এবং অন্য এজেন্সির সাথে সরাসরি অংশীদার হয়ে ও স্থানীয় পাবলিক আবাসন কর্তৃপক্ষ এর সাথে যোগ্য তহবিলের উপপ্রাপক হিসেবে সরাসরি অংশীদার হবে।

***যদি HOME-ARP ফান্ডের কোন অংশ ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development, HUD) এর HOME-ARP এর বরাদ্দ পরিকল্পনা গ্রহণের আছে কোন উপগ্রহীতা বা চুক্তিকারীকে সরবরাহ করা হয় কারণ উপগ্রহীতা বা চুক্তিকারী PJ এর সকল HOME-ARP অনুদান প্রশাসন এর জন্য দায়ী, তাহলে উপগ্রহীতা***

***চিহ্নিত করুন এবং HOME-ARP প্রোগ্রামে তাদের সকল পরিচালনার ভূমিকা এবং দায়ীত্বসমুহ বর্ণনা করুন:***

প্রযোজ্য নয়।

PJ কে অবশ্যই প্রত্যেক HOME-ARP কার্যক্রমের ধরণের জন্য পরিকল্পনাকৃত HOME-ARP ফান্ডিং এর পরিমাণ এবং যে কোন অলাভজনক অর্গানাইজেশনের সহায়তা প্রদানের জন্য পরিকল্পনাকৃত ফান্ডিং, অলাভজনক বিল্ডিং এর ধারণক্ষমতা এবং HOME-ARP এর সীমার মধ্যে প্রশাসনিক খরচের প্রদর্শন করতে হবে। এই চাহিদা পূরণ করার জন্য নিচের টেবিল ব্যবহার করা যেতে পারে।

**HOME-ARP ফান্ডিং এর ব্যবহার**

| | **ফান্ডিং এর পরিমাণ** | **অনুদানের শতাংশ** | **সংবিধিবদ্ধ সীমা** |
|---|---|---|---|
| সহায়তামূলক সেবাসমূহ | $181,102,577 | | |
| অ-সমবেত আশ্রয় এর অধিগ্রহণ এবং উন্নয়ন | $25,000,000 | | |
| টেন্যান্ট-বেজড রেন্টাল অ্যাসিস্ট্যান্স (Tenant-based rental assistance, TBRA) | $30,000,000 | | |
| সাশ্রয়ী রেন্টাল হাউজিং এর উন্নয়ন | $0 | | |
| অলাভজনক পরিচালনার সহায়তা | $0 | 0% | 5% |
| অলাভজনক ধারণক্ষমতা তৈরি | $0 | 0% | 5% |
| তদারকি ও পরিকল্পনা | $33,728,940 | 12.5% | 15% |
| **মোট বরাদ্দ HOME ARP** | $269,831,517 | | |

***কিভাবে আশ্রয়কেন্দ্র এবং আবাসন ইনভেন্টরির বৈশিষ্ট্যসমূহ, পরিষেবা প্রদান সিস্টেম এবং গ্যাপ বিশ্লেষণে চিহ্নিত চাহিদাগুলো যোগ্য কার্যক্রমে অর্থায়ন করার পরিকল্পনায় যুক্তিদান করে তা বর্ণনা করুন:***

গ্যাপ বিশ্লেষণে চিহ্নিত গৃহহীনতা প্রতিরোধের পরিষেবার অপূরণকৃত চাহিদার উপর ভিত্তি করে, শহরের প্রাথমিক লক্ষ্য হলো পূর্বের গৃহহীন পরিবার এর জন্য আবাসন ধরে রাখা ও স্থিতিশীলতা প্রদানের পরিষেবা প্রদান, ভাড়া প্রদানের সমস্যায় আর্থিক সহায়তা এবং গৃহহীনতার চরম ঝুঁকিতে থাকা পরিবারসমূহের জন্য প্রতিরোধ পরিষেবা দেওয়ার জন্য যোগ্য ও সহায়তা পরিষেবাসমূহকে ফান্ডিং প্রদান করা। HOME-ARP এর ফান্ডসমূহ ভাড়াটে-ভিত্তিক ভাড়া সহায়তায় বরাদ্দ করা হয়েছে যাতে ELI ও VLI এর ভাড়া প্রদানের সমস্যায় ভুগছেন এমন পরিবারসমূহকে যাদের এভেইলেবল ভাউচারের অভাবে অন্যান্য ভাড়া সহায়তা পরিষেবা প্রদান করা যাচ্ছে না তাদের আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে আরো গৃহহীনতা রোধের লক্ষ্য অর্জন করতে পারে।

প্রাপ্তবয়স্ক যারা গৃহহীনতার সমস্যার সম্মুখীন হয়েছেন তাদের জন্য জরুরীকালিন আশ্রয়ের একটি ঘাটতি শহর চিহ্নিত করেছে। HOME-ARP এর ফান্ডসমুহ নন-কংগ্রেগেট আশ্রয়ের অধিগ্রহণ ও নির্মাণের জন্য আর্থিক বরাদ্দ দিচ্ছে, এটা নিশ্চিত করতে যে গৃহহীন ব্যক্তিরা জরুরীকালীন আশ্রয়ের অ্যাক্সেস পাচ্ছেন এবং শহরের ইভেন্টরির মধ্যে থাকা আশ্রয়কেন্দ্রের উপর ধারণক্ষমতার বোঝা কমাচ্ছে যা এই ঘাটতি পূরণ করব।

## HOME-ARP আবাসন নির্মাণের লক্ষ্যসমূহ

***যোগ্য জনগোষ্ঠীর জন্য সাশ্রয়ী ভাড়ায় আবাসন ইউনিটের সংখ্যা অনুমান করুন যা PJ HOME-ARP এর বরাদ্দের মাধ্যমে নির্মাণ অথবা সহায়তা প্রদান করবেন:***

NYC ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ভাড়ার আবাসন তৈরিতে HOME-ARP এর ব্যবহার করবে না।

***নির্দিষ্ট সাশ্রয়ী ভাড়ায় আবাসন তৈরির লক্ষ্য বর্ণনা করুন যা PJ অর্জন করতে চান এবং কিভাবে তা PJ এর অগ্রাধিকার চাহিদা পূরণ করবে তা বর্ণনা করুন:***

প্রযোজ্য নয়

## প্রেফারেন্সসমূহ

***PJ কি এক বা একাধিক জনগোষ্ঠীকে প্রেফারেন্সসমূহ দিতে চান অথবা এক বা একাধিক জনগোষ্ঠীর একাংশকে কোন যোগ্য কার্যক্রম বা প্রজেক্টের জন্য দিতে চান তা চিহ্নিত করুন:***

- প্রেফারেন্সসমূহ কোন ন্যায্য আবাসন, নাগরিক অধিকার, এবং অবৈষম্যহীন প্রয়োজনীয়তসমূহ, 24 CFR 5.105(a) এ তালিকাভুক্ত প্রয়োজনীয়তাসমূহতে সীমাবদ্ধ নয় এমন কিছু লঙঘন করতে পারবে না।
- PJ দের যেসকল নির্দিষ্ট প্রজেক্টে প্রেফারেন্স প্রয়োগ করা হবে সেগুলো বর্ণনা করার প্রয়োজন নেই।

সামাজিক সেবাসমূহের ফান্ডসমূহ:

যোগ্য গৃহহীন জনগোষ্ঠীর মধ্যে একটি পরিবারের যেখানে ন্যূনতম একজনের বয়স 55 এর অধিক বা গৃহহীনতার ঝুঁকিতে রয়েছেন এবং অন্যান্য সমস্যায় আছেন তাদের জন্য সামাজিক পরিষেবার ফান্ডিং এর একটি অংশ প্রদান করা হবে।

ভাড়াটে ভিত্তিক ভাড়া সহায়তা:

নিউ ইয়র্ক শহর যারা ভাড়ার সমস্যায় ভুগছেন তাদের যোগ্যতা সীমাবদ্ধ করতে এবং যারা আবাসন অস্থিতিশীলতার চরম ঝুঁকিতে রয়েছেন তাদের নিয়ে প্রোগ্রামে ফোকাস করতে চায় ।

***যদি একটি প্রেফারেন্স চিহ্নিত করা হয়ে থাকে, কিভাবে এই প্রেফারেন্স অথবা প্রক্রিয়া বা অগ্রাধিকার কিভাবে অপূরণকৃত চাহিদা পূরণ করতে অথবা যোগ্য জনগোষ্ঠীর সুবিধাসমূহ ও সেবার গ্যাপ পূরণ করবে তা PJ এর চাহিদার মূল্যায়ন এবং গ্যাপ বিশ্লেষণ করে তার সাথে সামঞ্জস্য রেখে বর্ণনা করতে হবে:***

সামাজিক সেবাসমূহের ফান্ডসমূহ:

সামাজিক পরিষেবার ফান্ডের একটি অংশ প্রেফারেন্সের জন্য ব্যবহার যোগ্য জনগোষ্ঠীর বয়স্ক প্রাপ্তবয়স্কদের যাদের বহুপরিবারিক আবাসন বিল্ডিং এর চাইতে বেশী পরিষেবার প্রয়োজন তাদের আবাসন প্রদান করার পরে নিরাপদ এবং স্থিতিশীলভাবে বসবাস করা সক্ষমতাকে নিশ্চিত করবে।

ভাড়াটে ভিত্তিক ভাড়া সহায়তা:

শহরে অতি সাম্প্রতিক আবাসন এবং খালির জরিপে পাওয়া গিয়েছে যে শহরের অর্ধের বেশী ভাড়াটের ভাড়ার সমস্যায় ভুগছেন, তাদের মাঝে অধিকাংশ রয়েছেন যাদের বাৎসরিক আয় $25,000 এর চাইতে কম এবং তারা গুরুতরভাবে ভাড়ার সমস্যায় ভুগছেন। এটি হাইলাইট করে যে শহর জুড়ে ভাড়াটিয়াদের যারা ভাড়ার সমস্যায় ভুগছেন বা গুরুতরভাবে ভাড়ার সমস্যায় ভুগছেন তাদের সমস্যার সমাধানের জন্য অতিরিক্ত সরঞ্জামের প্রয়োজন ।

***যদি একটি প্রেফারেন্স চিহ্নিত করা হয়ে থাকে, কিভাবে PJ HOME-ARP এর ফান্ড প্রেফারেন্সের অন্তর্ভুক্ত নয় এমন অপূরণকৃত চাহিদা পূরণ করতে অথবা যোগ্য জনগোষ্ঠীর সুবিধাসমূহ ও সেবার গ্যাপ পূরণ করতে ব্যবহার করবেন তা বর্ণনা করুন।***

সামাজিক সেবাসমূহের ফান্ডসমূহ:

যখন পরিকল্পনা সোশ্যাল পরিষেবার ফান্ডের একটি অংশ একটি প্রেফারেন্স চিহ্নিত করে, এটি অন্য যোগ্য জনগোষ্ঠীদের HOME-ARP ফান্ডের মাধ্যমে সেবা প্রদান থেকে বঞ্চিত করে না, এটি যোগ্য জনগোষ্ঠীর চিহ্নিত অপূরণকৃত চাহিদা এবং গ্যাপের সাথে সামঞ্জস্যপূর্ণ।

ভাড়াটে ভিত্তিক ভাড়া সহায়তা:

HPD যেসকল পরিবার আবাসন অস্থিতিশীলতা চরম ঝুঁকিতে রয়েছে ও HPD আবাসনে বসবাস করছেন তাদের সহায়তার জন্য টেন্যান্ট-বেজড রেন্টাল অ্যাসিস্ট্যান্স (Tenant-based rental assistance, TBRA) ফান্ডের ব্যবহার করবেন, একজন পাইলট হিসেবে ভবিষ্যৎ প্রোগ্রাম সাজাতে তথ্য জানাতে।

## HOME-ARP পুনরায় অর্থায়ন গাইডলাইনসমূহ

PJ যদি HOME-ARP এর ফান্ড ব্যবহার করে বর্তমান লোনের পুনরায় অর্থায়ন করতে চান যা বহুপারিবারিক ভাড়ার আবাসিক দিয়ে সুরক্ষিত ও HOME-ARP এর ফান্ড দিয়ে পুনর্বাসন করা হচ্ছে, তাহলে PJ কে অবশ্যই HOME-ARP এর পুনরায় অর্থায়নের গাইডলাইনসমূহের 24 CFR 92.206(b) অনুসারে বর্ণনা করতে হবে। গাইডলাইনটির অবশ্যই PJ এর HOME-ARP ভাড়ার প্রজেক্টের জন্য বর্তমান ঋণের পুনরায় অর্থায়নের শর্তসমূহকে বর্ণনা করতে হবে, যেগুলো হলো:

- ***ন্যূনতম পরিমাণের পুনর্বাসন অথবা প্রয়োজনীয় পুনর্বাসন এবং পুনরায় অর্থায়নের মধ্যে প্রয়োজনীয় অনুপাত স্থাপনের মাধ্যমে HOME-ARP কে ভাড়ার আবাসন প্রাথমিক পুনর্বাসন এর যোগ্য কার্যক্রম হিসেবে দেখাতে হবে।***

নিউ ইয়র্ক শহর তাদের বর্তমান কোন ঋণে পুনরায় অর্থায়নের জন্য HOME-ARP এর ফান্ড ব্যবহার করবে না।

- ***সম্পত্তিতে কোন অযথা বিনিয়োগ হয়নি তা দেখাতে পরিচালনা পদ্ধতির একটি মূল্যায়ন প্রয়োজন, যাতে প্রজেক্টের দীর্ঘমেয়াদী চাহিদা পূরণ করা যেতে পারে এবং যোগ্য জনগোষ্ঠীকে ন্যূনতম সম্মতি সময়ের জন্য পরিষেবা প্রদান করার সম্ভাব্যতা দেখানো যায়।***
  প্রযোজ্য নয়
- বলুন যে চলমান সাশ্রয়ী ইউনিট পরিচালনায়, অতিরিক্ত সাশ্রয়ী ইউনিট তৈরিতে বা উভয় ক্ষেত্রে কোন নতুন ইনভেস্টমেন্ট করা হচ্ছে কি না ।
  প্রযোজ্য নয়
- ***প্রয়োজনীয়*** **সম্মতি সময়কাল নির্দিষ্ট করুন, যা ন্যূনতম 15 বছর বা তার চেয়ে বেশী সময়ের কি না।**
  প্রযোজ্য নয়
- বলুন যে HOME-ARP এর ফান্ডসমূহ যেকোনো ফেডারেল প্রোগ্রাম যেমন CDBG এর দ্বারা বহুপরিবারিক লোনসমূহে বা বীমাতে পুনরায় অর্থায়ন এর জন্য ব্যবহার করা যাবে না।
  প্রযোজ্য নয়
- ***PJ এর গাইডলাইনে অন্যান্য*** **প্রয়োজনীয়তা, যদি প্রযোজ্য হয়:**
  প্রযোজ্য নয়

ড্রাফট